দৈনিক সংবাদ

তারিখ ... 03 FEB 1997 ..
পৃষ্ঠা ১ কলাম ৫

15 3

## বুয়েট ঃ সাবেক ভিসির দুর্নীতি তদন্তে কমিটি গঠন

(বুয়েট সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ডঃ মোঃ শাহজাহানের অনিয়ম ও দুর্নীতি তদন্তের জন্য পাঁচ সদস্যবিশিষ্ট এক তদন্ত কমিটি গঠন করা হয়েছে। পুরকৌশল বিভাগের প্রফেসর ডঃ আলমগীর হাবিবকে চেয়ারম্যান করে এই তদন্ত কমিটি গঠন করা হয়েছে। একটি নির্ভরযোগ্য সূত্রে এই তথ্য পাওয়া গেছে।

সূত্র জানায়, পাঁচ সদস্যবিশিষ্ট এই তদন্ত কমিটি পানি সম্পদ কৌশল বিভাগের কনসালটেন্সি এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে তদন্ত করবে। বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভার মাধ্যমে এই কমিটি গঠন করা হয়েছে। তদন্ত কমিটি ফেব্রুয়ারি

কমিটি ঃ পৃঃ ১১ কঃ ৩

### কমিটি ঃ গঠন

(১ম পৃষ্ঠার পর)

মাসের মধ্যে তদন্ত রিপোর্ট প্রণয়ন করবে।

তদন্ত কমিটির অন্যান্য সদস্য হচ্ছেন তড়িৎ কৌশল বিভাগের প্রফেসর ডঃ এম এম শহীদুল হাসান, যন্ত্রকৌশল বিভাগের প্রফেসর ডঃ মোঃ কামরুল ইসলাম, সায়েন্স ল্যাবরেটরির চেয়ারম্যান ডঃ কাইয়ুম ও টেকনিক্যাল এডুকেশনের ডাইরেক্টর জেনারেল।